BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

অক্টোবর-২০২০

BASMAH BULLETIN
October-2020

## করোনাকালীন সংকটে আবারও খাদ্য সামগ্রী বিতরণে ব্যস্ত বাসমাহ ফাউন্ডেশন












## গত ২৩ সেপ্টেম্বর মেঘনার বুকে সুবিধাবঞ্চিত চর সায়দাবাদ-রঘুনাথচরে ৭২০টি পরিবারে খাদ্য সামগ্রী প্রদান করেছে বাসমাহ ফাউন্ডেশন

নারায়ণগঞ্জের সোনারগাঁও থানার মূল কেন্দ্র বেশ সমৃদ্ধ হলেও এর অদূরেই মেঘনা গহবরে নদীবেষ্টিত নূনেরটেক ও তার আশপাশ এলাকা বেশ অবহেলিত ও সুবিধাবঞ্চিত। এখানে খাদ্য, কর্ম, চিকিৎসা, শিক্ষাসহ অনেক কিছুরই অভাব প্রকট, শহরমুখী মানুষ স্বাবলম্বী হলেও স্থানীয় অনেকেই এখনো বসবাস করেন দারিদ্র্যের সীমায়। বাসমাহ'র হেড অফিস থেকে এলাকাটির দূরত্বও বেশী নয়। তাই আমরা চেয়েছি এখানকার প্রতিটি অভাবী মানুষই যেন তার প্রাপ্য উপহারটুকু বুঝে পায়। করোনার এই প্রাদূর্ভাবে এবার করোনার দ্বিতীয় প্রকল্প হাতে নিয়েছে বাসমাহ ফাউন্ডেশন এখানে পাঁচবার খাদ্য সামগ্রী বিতরণ করেছে।এসব খাদ্য সামগ্রী নূনেরটেক মূল ভূমিতে এবং পার্শ্ববর্তী এলাকা সহ ৭২০পরিবারে খাদ্যসামগ্রী চাল-ডাল বিতরণ করেছে বাসমাহ ফাউন্ডেশন।






নদীবেষ্টিত সায়দাবাদ এলাকায় খাদ্য সামগ্রী বিতরণ

সায়দাবাদ, নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানার একেবারে শেষ প্রান্ত, যা মিলে গেছে মেঘনার সাথে। বারদি ইউনিয়নের এই এলাকাটি অত্যন্ত সুবিধাবঞ্চিত একটি এলাকা। আলহামদুলিল্লাহ এই এলাকার গরীব অসহায় মানুষের মাঝে গত ২৩ সেপ্টেম্বর বাসমাহর পক্ষ থেকে উপহার সামগ্রী চাল-ডাল এবং পরিচ্ছন্নতার জন্য প্রয়োজনীয় সাবান বিতরণ করা হয়েছে।





উপদেষ্টা: মীর সাখাওয়াত হোসাইন
সম্পাদক: কায়েস আহমেদ

অর্থ সহযোগীতায় Basmah

ব্যবস্থাপনায় BASMAH Foundation

বাসমাহ বুলেটিন
জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...
অক্টোবর-২০২০

BASMAH BULLETIN
October-2020


# বাসমাহ ফাউন্ডেশনের করোনা বিষয়ক দ্বিতীয় প্রকল্পের উদ্ধোধন




গত ১৬ সেপ্টেম্বর সোনারগাঁয়ের রয়েল রিসের্ট ভবনে জনাব লিয়াকত হোসাইন খোকা এমপি মহোদয়ের নিকট বাসমাহ ফাউন্ডেশন মেডিকেল ইকুইপমেন্ট হস্তান্তরের মধ্য দিয়ে দ্বিতীয় প্রকল্পের উদ্ধোধন করেন।

করোনা ভাইরাসের প্রকোপ ক্রমে হ্রাস না হওয়ায় বাসমাহ ফাউন্ডেশন দ্বিতীয় প্রকল্পের সিদ্ধান্ত নিয়েছে।

এতে আমরা মনে করি বাসমাহ ফাউন্ডেশন যুগোপযোগী সিদ্ধান্ত নিয়েছে। করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মারা যাওয়া মৃত ব্যক্তিদের লাশ দাফন-কাফনে এখনো যারা সোচ্ছার ভূমিকা পালন করে যাচ্ছেন বাসমাহ ফাউন্ডেশন মূলত তাদেরকেই মেডিকেল ইকুইপমেন্ট সরবরাহের মধ্য দিয়ে সহযোগীতার হাত বাড়িয়ে যাচ্ছেন।এছাড়া নিত্য প্রয়োজনীয় খাবার পৌঁছিয়ে দেয়ার চেষ্টা-প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে বাসমাহ ফাউন্ডেশন।





# নারায়ণগঞ্জের জামপুরে অসহায় পরিবারের মাঝে বাসমাহ ফাউন্ডেশন-এর ত্রাণ সামগ্রী বিতরণ



নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানাধীণ একটি ইউনিয়ন জামপুর। এলাকাটি শহরের অতি নিকটে কিন্তু সামর্থহীন বহু মানুষ এখানে কোনো মতো দু'মুঠো খাবার খেয়েই জীবন যাপন করেন। চলমান করোনা সংকটে এখানকার হতদরিদ্র মানুষের অবস্থাও তাই হয়ে উঠেছে সঙ্গীন।

গরিব, অসহায় ও হতদরিদ্র এসব মানুষের পাশে দাঁড়াতে ছুটে এসেছে বাসমাহ ফাউন্ডেশন। আলহামদুলিল্লাহ গত ৩ই অক্টোবর ২য় দফায় ৩১৫ পরিবারে চাল-ডাল ও সাবান প্রদান করা হয়েছে।



উল্লেখ্য জামপুরে ইতোপূর্বে আরো ৫৫০ টি পরিবারে খাদ্য সামগ্রী পৌঁছে দিয়েছে বাসমাহ।

মানবতার কল্যাণে, সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর এই মিশন অব্যাহত থাকুক অনন্ত কাল।

সকল মানুষের মুখে ফুটে উঠুক সুন্দর ও নির্মল হাসি।

জগত হয়ে উঠুক শান্তি ও সুখময়...



বাসমাহ বুলেটিন
জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...
অক্টোবর-২০২০
BASMAH BULLETIN
October-2020

# প্রতিদিন কর্মব্যস্ত সময় পার করছে বাসমাহ মেডিকেল টিম



করোনার এই প্রাদূর্ভাবেও যারা ভয়কে জয় করে চিকিৎসা সেবায় সাহসের সঙ্গে কাজ করে যাচ্ছে, সেই সব চিকিৎসা যোদ্ধাদের কাতারে শামিল হতে পেরে বাসমাহ মেডিকেল টিম গর্বিত ও আনন্দিত! কক্সবাজারের টেকনাফে অবস্থিত বাস্তুচ্যুত রোহিঙ্গা শরণার্থী ও স্থানীয় অসহায় মানুষের সেবায় নিয়োজিত 'বাসমাহ হেলথ পোস্ট'টিতে প্রতিষ্ঠার শুরু থেকে সপ্তাহের ৬দিন সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষধ-পথ্য সরবরাহ করা হচ্ছে।









## টেকনাফে বাসমাহ ফাউন্ডেশনের ফ্রি সেলাই মেশিন প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন

আত্ম-কর্মসংস্থান, দারিদ্র বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টি করে দিতে বাসমাহ ফাউন্ডেশনের ফ্রি সেলাই মেশিন প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন। গত ২৬-সেপ্টেম্বর কক্সবাজারের টেকনাফে বাসমাহ ফাউন্ডেশনের সেলাই মেশিন প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করা হয়,অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প নিয়ে কাজ করছে বাসমাহ ফাউন্ডেশন।ইনশাআলাহ্ এই প্রকল্পের মাধ্যমে বেকার নারীরা ঘরে থেকে অর্থনৈতিক-ভাবে স্বাবলম্বী হতে পারবে ।





## সিরাজগঞ্জ ও লালমনিরহাটে বাসমাহ ফাউন্ডেশনের ফ্রি স্যানিটারী ন্যাপকিন বিতরণ

তুমি নিরাপদ তো প্রজন্ম নিরাপদ এই স্লোগানকে সামনে রেখে গ্রামে-গঞ্জে, মফস্বল এলাকাগুলোতে বাসমাহ ফাউন্ডেশন নারী স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। নারীর মাতৃত্ব সুরক্ষায় বাসমাহ ফাউন্ডেশন উঠতি বয়সি মেয়েদের এবং মহিলাদেরকে সচেতন করার পাশাপাশি তাদেরকে বিভিন্ন সরঞ্জাম প্রদান করে আসছে। এরেই অংশ হিসেবে গত ১২ই সেপ্টেম্বর সিরাজগঞ্জ জেলায় ও ২৭ই সেপ্টেম্বর লালমনিরহাটে নারী মাতৃত্ব সুরক্ষা এবং নারী স্বাস্থ্য বিষয়ক সচেতনতামূলক বিশেষ আলোচনার আয়োজন করা হয়। আলোচনা শেষে বাসমাহ ফাউন্ডেশনের সিরাজগঞ্জ লালমনিরহাট জেলার নারী স্বাস্থ্য বিষয়ক প্রতিনিধি উপস্থিতিদের মাঝে স্যানিট-ারী ন্যাপকিন বিতরণ করেন। স্যানিটারী ন্যাপকিন ব্যবহ-ারের উপকারীতা এবং ক্ষতির দিকগুলো আলোচনায় তুলে ধরা হয়। বাসমাহ ফাউন্ডেশন এভাবেই মাতৃত্ব সুরক্ষার মধ্য দিয়ে আগামী প্রজন্মের নিরাপদ আগমন কামনা করে।



BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

অক্টোবর-২০২০

BASMAH BULLETIN
October-2020

## বাসমাহ ফাউন্ডেশনের প্রস্তুতকৃত খাবার বিতরণ অব্যাহত



পথে পথে হাতে হাতে ক্ষুধার্তের মুখে বাসমাহ ফুড...

শহরের অলিতে গলিতে ক্ষুধার্ত পথশিশু ও বৃদ্ধদের মাঝে পুষ্টিযুক্ত খাবার পৌঁছে দিচ্ছে বাসমাহ ভলান্টিয়ার টিম। মাসের পর মাস যেসব ছিন্নমূল মানুষগুলো খাসি কিংবা গরুর গোস্ত দিয়ে খাবার খেতে পারে না, তাদের থালায় পৌঁছে দিচ্ছে বাসমাহ ফাউন্ডেশন এসব খাবার। ধারাবাহিকভাবে প্রতি সপ্তাহে ২দিন বাসমাহ ঢাকার বিভিন্ন স্থানে ছিন্নমূল মানুষগুলোর মাঝে বাসমাহ ফাউন্ডেশন খাবার বিতরণ করেছে। সেপ্টেম্বর মাসে ঢাকার মোহাম্মদপুর, ভাটারা,কামরাঙ্গীরচর,গুলিস্তান,চানখারপুল সহ বিভিন্ন স্থানে অসহায় ,নিরন্ন মানুষের কাছে পৌঁছে দেন ।









## বাসমাহ ফাউন্ডেশনের নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে নতুন প্রকল্প...





নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে নদীবেষ্টিত দুর্গম চর সায়দাবাদ , অধিবাসীদের অনেকেই জেলে কিংবা কৃষি কাজ করে জীবন নির্বাহ করে । বিশাল এই চরে নেই কোন স্কুল! কিংবা প্রয়োজনীয় নাগরিক সুবিধা

বাসমাহ এই সায়দাবাদ চরের মানুষের পাশে এসে দাঁড়িয়েছেন , শিক্ষার আলো ছড়িয়ে দিতে স্কুল প্রতিষ্ঠার কাজ শুরু করেছে। এতেকরে সায়দাবাদ চরের শিশুরা শিক্ষার অধিকার ফিরে পাবে ।

বাসমাহ মনে করে স্কুলে শিশুরা পড়াশোনার পাশাপাশি সঠিক শিক্ষায় শিক্ষিত হয়ে আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে ।

এছাড়া বাসমাহ এই দুর্গম চরে জরুরী চিকিৎসার জন্য আধুনিক ও উন্নত চিকিৎসা সেবা পৌঁছে দিতে হেলথ পোস্ট স্থাপনের পরিকল্পনা করছে ।





### বাসমাহ ফাউন্ডেশনের সবুজ স্বপ্ন !

শরণার্থী শিবির সহ বাংলাদেশে বাসমাহর প্রতিটা সেক্টরে সবুজ উদ্যানের পরিকল্পনা রয়েছে। এসব উদ্যান থেকে উৎপাদিত ফসল এবং ফল-ফলাদি দরিদ্র মানুষদের মাঝে বাসমাহ ফাউন্ডেশন বিনামূল্যে বিতরণ করে যাচ্ছে। গত ২৪ সেপ্টেম্বর বাসমাহ ফাউন্ডেশনের লার্নিং সেন্টারের ছাত্রদের মাঝে এসব ফল বিতরণ করা হয় ।



### যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ।